

(প্রেস বিজ্ঞপ্তি)

০৭ জানুয়ারি'২০২৪খ্রি.

গণতন্ত্র সমুন্নত রাখতে ভোট দিন: মেয়র রেজাউল

গণতন্ত্র সমুন্নত রাখতে নাগরিকদের ভোট দেয়ার আহ্বান জানিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

রোববার সকালে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নগরীর বহুদারহাটের এখলাছুর রহমান সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভোট প্রদান করেন মেয়র রেজাউল।

এসময় মেয়র বলেন, সুষ্ঠু ও অবাধ নির্বাচনে ভোট দিয়েছি। নাগরিকদের বলব গণতন্ত্র সমুন্নত রাখতে, উন্নয়নের ধারাকে বেগবান করতে ভোট দিন। আপনাদের সমর্থনে মুক্তিযুদ্ধের স্বপক্ষের শক্তি আরো দৃঢ়ভাবে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে এগিয়ে যাবে।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮